

P03 - Multipurpose Sling Bag Bengali copy

এই ভিডিওতে আপনি শিখবেন কিক'রে একটা সত্যিকারের সুন্দর মাল্টি সিলিং ব্যাগ বানানো যায়। একটা নজরকাড়া ব্যাগ যদি সঙ্গে থাকে যার মধ্যে কেনাকাটার যাবতীয় টুকটাকি ধ'রে যায়, তাহলে প্লাস্টিক বর্জন করাটা কত সহজ হয়ে যায়... তাই না?

তাহলে আসুন, বানিয়ে ফেলা যাক একটা সুবিধেজনক সাইজের ব্যাগ।

আপনার দরকার... একটা ঝলমলে রঙীন শক্ত কাপড় যেটা আঠারো ইঞ্চি লম্বা আর চৌতিরিশ ইঞ্চি চওড়া। একটা সিলিং হ্যান্ডেল যেটা সুন্দর অথচ শক্তপোক্ত, যাতে আপনার কেনাকাটার সমস্ত ভার বহিতে পারে। সেইসঙ্গে প্রচুর বীড-লাগানো পিন।

শুরু করা যাক...

কাপড়টা চওড়া অনুযায়ী ঘোরান, সোজা দিকগুলো মুখোমুখি রাখুন... ধারগুলো সমস্তরে রেখে বীড-লাগানো পিন দিয়ে দু'টো দিক গঁেথে দিন, যেভাবে ভিডিওতে দেখছেন। তবে মনে ক'রে ওপরের অংশটা খোলা রাখবেন।

কাপড়টা সেলাই-মেশিনের কাছে নিয়ে আসুন।

স্টিচ প্যাটার্ন সিলেক্টর -টা ঘুরিয়ে 'A'-তে আনুন, আর স্টিচ লেন্থ সিলেক্টর -টা ২ আর

৩-এর মাঝখানে set ক'রে দিন। এবার সেলাই শুরু করুন।

মনে ক'রে দু'টো প্রান্তই জুড়ে দেবেন রিভার্স স্টিচ লেভার -এর সাহায্যে। পিন-লাগানো দিক ধ'রে সেলাই করতে-করতে শেষ পর্যন্ত যান।

সুতোগুলো ছেঁটে দিন আর সেলাই-করা দিকের পিনগুলো খুলে নিন।

ঐ একইভাবে উল্টোদিকটাও সেলাই করুন।

এবার আপনার সদ্য সেলাই-করা দিকের কাঁচা ধারগুলো ওভার এইজ স্টিচ দিয়ে সুরক্ষিত ক'রে নিন। ( এবার আপনার সদ্য সেলাই-করা দিকের কাঁচা ধারগুলোর প্রান্তে সেলাই ক'রে সেগুলো বুজিয়ে দিন।)

এটা করার জন্যে স্ট্রিচ প্যাটার্ন সিলেক্টর টা 'C'-তে ক'রে দিন আর স্ট্রিচ লেন্থ সিলেক্টর -টা ঘুরিয়ে '1'-এ নিয়ে আসুন।

কাপড়টাকে ফুট -এর নীচে ঠিক মাঝখানে রাখুন, যাতে সূঁচের ছিদ্রটা দেখা যায়। ব্যালাক্স হুইল -টা ঘুরিয়ে-ঘুরিয়ে দেখে নিন সূঁচটা কাপড় থেকে স'রে ধারের ওপর যাচ্ছে কিনা। সাবধানে সেলাই ক'রে খোলা ধারমুখগুলো বুজিয়ে দিন, আর ধারের অংশ শক্তপোক্ত আর পরিপাটি ক'রে তুলুন।

কাপড়টা বার ক'রে দু'দিকের সমস্ত বাড়তি সুতোর ডগা ছেঁটে দিন। যদি কোনো উঁচুনিচু ধার বেরিয়ে থাকে, সেটাও ছেঁটেকেটে নিখুঁত ফিনিশ দিতে পারেন।

এরপরের কাজ হ'ল ওপরের ধারটা মোড়া আর একইসঙ্গে হ্যান্ডেল -টা লাগানো। প্রথমে একটা জোড়া-লাগানো অংশের ওপরের প্রান্তটা ডাবল ক'রে ভাঁজ করুন - কোয়ার্টার ইঞ্চি, আর তারপর আধ ইঞ্চি। সিলিং হ্যান্ডেল -এর প্রান্তমুখটা ধ'রে ঐ ভাঁজের মধ্যে ঢুকিয়ে দিন। বীড-লাগানো পিন দিয়ে গেঁথে ভাঁজের মধ্যে সবক'টা layer একসঙ্গে ধ'রে রাখুন।

এইভাবে কাপড়টার ভাঁজ-বরাবর পিন লাগাতে থাকুন, একেবারে অন্যদিকের জোড়-অংশ অবধি। দেখে নেবেন যাতে bag handle-এর কোথাও কোনো মোড়ানো অংশ না থাকে।

ব্যাগ হ্যান্ডেল-এর অন্য প্রান্তটা আটকে দিন, ভাঁজ ক'রে স্বস্থানে পিন দিয়ে ধ'রে রাখুন। ভাঁজ আর হ্যান্ডেল -এ ভালোভাবে পিন লাগানো হ'লে সেলাই করতে শুরু করুন।

স্ট্রিচ প্যাটার্ন সিলেক্টর -টা ঘুরিয়ে 'A'-তে নিয়ে যান, আর স্ট্রিচ লেন্থ সিলেক্টর -টা ২ জোড়-অংশ -এ আড়াই-তে সেট ক'রে দিন। ভাঁজ-বরাবর ধারটা সেলাই করতে থাকুন, আর বলা বাহুল্য - বীড-লাগানো পিনগুলোর কাছাকাছি এলে সেগুলো খুলে নিতে ভুলবেন না।

হ্যান্ডেল -টা যাতে মজবুত থাকে আর ফিনিশ -ও আরো পরিপাটি হয়, তার জন্যে ভাঁজের জায়গাটা ধ'রেই সেলাই ক'রে যান... ভিডিওয় দেখানো কৌশলে জোড়-অংশ থেকে শুরু ক'রে।

সেলাই-করা অংশে ইস্ত্রী চালিয়ে ব্যাগটা ভেতর থেকে বাইরে ক'রে সোজা ক'রে নিন। কোণগুলো ঠিকঠাক ক'রে নিন যাতে সূঁচোলো থাকে।

এবার আপনি কেনাকাটার জন্যে প্রস্তুত... কারণ সঙ্গে আছে আনকোরা নতুন, গ্লানি-মুক্ত,  
পরিবেশসুলভ শোপিং ব্যাগ!

তাহলে আর কিসেব অপেক্ষা!... এরকম আরো বানিয়ে ফেলুন আর বন্ধুবান্ধব ও প্রিয়জনেদের  
মধ্যে বিলি করুন, আর এইভাবে পৃথিবী-রক্ষার অভিযানে নিজের অবদানটুকু রাখুন। নিশ্চিত  
থাকুন, তারা সবাই এর জন্যে আপনাকে আরো বেশি ভালোবাসবে!